

প্রেস রিলিজ/বিআইডব্লিউটিএ/২৯ মে, ২০২০/আগামী ৩১শে মে হতে অভ্যন্তরীণ নৌপথে নৌ ও স্বাস্থ্যবিধি মেনে যাত্রীবাহী নৌচলাচল।

সরকারের সিদ্ধান্ত অনুসারে আগামী ৩১ শে মে হতে অভ্যন্তরীণ নৌপথে নৌ ও স্বাস্থ্যবিধি পালন করে যাত্রী বাহী নৌযান চলাচলে বিআইডব্লিউটিএর চেয়ারম্যান কমডোর গোলাম সাদেক এর সভাপতিত্বে লঞ্চ মালিকদের সহিত বিআইডব্লিউটিএ ভবনে অদ্য সভা অনুষ্ঠিত হয়। সভায় নৌপরিবহন অধিদপ্তরের মহা পরিচালক কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, লঞ্চ মালিক সমিতির চেয়ারম্যান মাহবুব উদ্দিন আহমেদ বীর বিক্রম সহ অন্যান্য নেতৃবর্গ, নৌপুলিশ, কোস্টগার্ড, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর প্রতিনিধি সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় সকল পক্ষের আলোচনার প্রেক্ষিতে স্বাস্থ্যবিধি ও নৌবিধি পালন করে নৌপথে ৩১ মে হতে যাত্রী বাহী নৌযান চলাচল করিবে। সকল নদী বন্দরে যাত্রীদের জন্য জীবাণু মুক্ত টানেল বসানো হবে। লঞ্চ মালিকগণ লঞ্চে যাত্রী পরিবহনের পূর্বে থার্মোমিটারের মাধ্যমে যাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করে এবং হ্যান্ড স্যানিটাইজার এর মাধ্যমে যাত্রীর দুই হাত জীবাণুমুক্ত করে যাত্রী পরিবহন করবে এবং একই সাথে ফেইস মাস্ক পরিধান নিশ্চিত করবে। লঞ্চ মালিকদের দাবীর প্রেক্ষিতে করোনা প্রাদুরভাবে যাত্রী স্বল্পতার বিষয়টি বিবেচনায় এনে আগামী দশ দিন পরিবহন ব্যবস্থা পর্যবেক্ষণ করে ভাড়া বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত হবে। বর্তমানে, পূর্বের রেটে ভাড়া আদায় হবে।